

নাচোল উপজেলা পরিষদের ২৯তম সভার কার্যবিবরণী :

সভার তারিখ	:	২৮.০৯.২০২১ খ্রি.
সময়	:	সকাল ১০.৩০ মি.
স্থান	:	উপজেলা পরিষদ সভা কক্ষ
সভাপতি	:	মোহাঃ আব্দুল কাদের চেয়ারম্যান উপজেলা পরিষদ নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক" দৃষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "খ" দৃষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১২.০৮.২০২১ খ্রিঃ তারিখের ২৮তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং নিম্নোক্ত সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
সংশোধনী : প্রকৌশল বিভাগের আলোচনা (ঘ)-এ প্রস্তাবিত প্রকল্প হতে ক্রমিক নং- ৯,১০,১১,১৫,১৬,১৮,২০,২২,২৩,৩৩, ৩৫(১৯,২০),৪৫,৪৮,৫৬,৫৯,৬০,৬১,৬২ এবং ৬৩-তে বর্ণিত প্রকল্পসমূহ (মসজিদ, মন্দির উন্নয়ন) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বাস্তবায়ন করার সুযোগ না থাকায় উক্ত প্রকল্পসমূহের পরিবর্তে নতুন প্রকল্প গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। বিভাগীয় আলোচনা :

(১) প্রকৌশল বিভাগ :

উপজেলা প্রকৌশলী, নাচোল সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে এ উপজেলার অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) 'অনুগ্রহসর উপজেলা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, কোভিড-১৯ প্রতিরোধ ইত্যাদি বিবেচনায় মাননীয় মন্ত্রী মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে ৩,৩২,০০০/- (তিন লক্ষ বত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ থেকে করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, ধার্মাল ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) গ্রহণের জন্য ব্যয় করা যাবে। তিনি বিষয়টি সকলের জ্ঞাতার্থে সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ৩,৩২,০০০/- (তিন লক্ষ বত্রিশ হাজার) টাকার বরাদ্দ করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবিলায় পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক কোটেশনের মাধ্যমে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল সভায় জানান যে, নাচোল উপজেলায় কোভিড-১৯ পরিস্থিতি উদ্বেগজনক অবস্থা থেকে নেমে এসেছে। সে সাথে টিকা কার্যক্রম চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। এছাড়া উক্ত বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(৩) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, নাচোল সভায় জাতভিত্তিক রোপা আমন, সবজি, মাসকলাই, তুলা ইত্যাদি রোপন ও সারের বরাদ্দ সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করেন।

জাত ভিত্তিক রোপা আমন রোপন (হেক্টর): ২০২০-২০২১

স্বর্ণা	স্রি ধান-৫১	স্রি ধান-৫২	স্রি ধান-৪৯	জিরা শাইল	স্রি ধান-৩৪	স্রি ধান-৩১	স্রি ধান-১৭	স্রি ধান-১০	স্রি ধান-১৩	স্রি ধান-১৪	স্রি ধান-১৫	বিনা-১১	বিনা-১৭	বিনা-২২	স্রি ধান-৭৫	চিনি আতব স্থানীয়	এয়ারাইজ এজেড	সর্বমোট
৮৩২০	১১৩৮৫	১২	২০	১০২৫	১৩৯২	১৫৩	১০৪	১	১	০.৫০	১.৫০	৬	১৫	৮	৪১	৫	৩০	২২৫২০

সবজি-২৩৫ (খরিপ-২), মাসকলাই-১০৫০, তুলা-১, রবি'র আগাম সবজি-২০ হেক্টর

সেপ্টেম্বর/২১ সারের বরাদ্দ:

টিএসপি	বরাদ্দ	উত্তোলন	মজুদ
	৫০	৫০	১
এমওপি	১৭৯	১৩৮.২০	৫
ডিএপি	৩৭৫	৩০৪.৫০	১২৮
ইউরিয়া	৮৭৫	৭২২	৪৫২
অতিরিক্ত বরাদ্দ			
ডিএপি	২২০	-	-
এমওপি	২২০	-	-

ডিজেল মজুদ: ৩৮২৭৫ লিটার

শরিফ আহম্মেদ
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

মোহাঃ আব্দুল কাদের
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চাঁপাইনবাবগঞ্জ

চলমান প্রাক্ত-২

তিনি সভায় আরও জানান যে, মাঠে বর্তমানে বিএলবি, খোলপড়া ও খোলপঁচা এবং বাদামী গাছফড়িং এর প্রাদুর্ভাব দেখা গেছে। সেগুলো দমনের জন্য কর্মীরা যথাসম্ভব চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(৪) যুব উন্নয়ন বিভাগঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, চলতি অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদানের বরাদ্দ পাওয়া গিয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণের পরিমাণ- ৯১৮৯ জন। চলতি অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৬০ জনকে ৪,৬০,০০০/- টাকা ঋণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণের পরিমাণ- ৪,৯৪,৪৪,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ- ৪,৫৮,৯৪,১৫৫/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়কৃত আসল- ৪,৫৮,৯৪,১৫৫/- টাকা। আদায়ের হার ১০০%। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(৫) সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।

(৬) প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল সভায় সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(৭) সমাজ সেবা বিভাগঃ

উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(৮) মহিলা বিষয়ক বিভাগঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(৯) পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।

(১০) আনসার ও ভিডিপি বিভাগঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারঃ), নাচোল সভায় জানান যে, আগামী ০৭ অক্টোবর ২০২১ নাচোল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে আনসার ও ভিডিপি কার্যালয় প্রয়োজনীয় সকল প্রকার প্রস্তুতি সম্পন্ন করেছে। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(১১) পল্লী উন্নয়ন বিভাগঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, আমাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অত্র দপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিম্ন রূপ।

ক্রমিক নং	শেয়ার জমা		সঞ্চয় জমা		কর্জ বিতরণ		কর্জ আদায়		হার
	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	
০১	০.৮০	০.০১	২.০০	০.১৮	২১২.৪৫	১৯.৮৯	১৮৫.৯১	১৩.৮৫	৮%

পিআরডিপি-৩ এই প্রকল্পটি অত্র উপজেলার নেজামপুর ও ফতেপুর ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা এবং অর্জন নিম্ন রূপ।

ক্রমিক নং	ভিডিসি গঠন		স্কীম বাস্তবায়ন		প্রশিক্ষণ অনুষ্ঠিত	
	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন
০১	০৪	-	০৮	-	১৮০ জন	-

এছাড়া গত ০১/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি বাস্তবায়ন হচ্ছে। এই কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা নিম্ন রূপ।

ক্রমিক নং	সদস্য জরিপ		সদস্য ভর্তি		দল গঠন		মূলধন গঠন (সঞ্চয় জমা)	
	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	২০০	৪০	১৮৫	১৫	০৫	১	৩.৫২	১.০৫

ঋণ বিতরণ		ঋণ আদায়		বীজ ও চারা বিতরণ		প্রশিক্ষণ	
লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
২৫.০০	১৫.১৬	আদায়যোগ্য অনুসারে ১০০%	১০.৩০	২৭০	-	৪০	-

এছাড়া উক্ত বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

শরিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, ঠাণ্ডাঘাট

মোহাঃ আব্দুল কাদের
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নাচোল, ঠাণ্ডাঘাট

(১২) মৎস্য বিভাগঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, ইলিশ সম্পদ সংরক্ষণে এবছর ইলিশের প্রধান প্রজনন মৌসুম ৪ হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত ২২দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধের ব্যাপারে নির্দেশনা পাওয়া গিয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৩) প্রাণিসম্পদ বিভাগঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।

(১৪) শিক্ষা বিভাগঃ

উপজেলা শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(১৫) মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(১৬) বিএমডিএ বিভাগঃ

সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান যে, চলতি আমন মৌসুমে বিএমডিএ নিয়ন্ত্রিত গভীর নলকূপ থেকে প্রায় ১৮০০০(আঠারো হাজার) হেক্টর জমি সেচের আওতায় আছে। বিগত বছরের তুলনায় এ বছর ট্র্যাকফরমার চুরির হার কম থাকলেও কিছু কিছু ট্র্যাকফরমার চুরি হচ্ছে। বিএমডিএ নীতিমালা অনুযায়ী চুরির বিপরীতে ট্র্যাকফরমার সরবরাহ না দেয়ার বিধান থাকায় কৃষক কর্তৃক সরবরাহ দিতে হবে। সহকারী প্রকৌশলী আরও জানান যে, বিগত অর্থবছরে নাচোল উপজেলায় ৪৩ টি খাস পুকুর পুনঃ খনন করা হয়েছে। পুনঃ খনন কার্যক্রমের কাজ চলমান অবস্থায় লীজকৃত পুকুর সাময়িক মৎস্য চাষে বিঘ্ন ঘটে। ফলে লীজহীনতা উপজেলা পরিষদে লীজের মেয়াদ বাড়ানোর আবেদন করেছেন এ বিষয়ে পরিষদের সিদ্ধান্ত প্রয়োজন। বিএমডিএ কর্তৃপক্ষের ১০০ টি গভীর নলকূপ থেকে গ্রামীণ খাবার পানি সরবরাহ স্থাপনা রয়েছে। এ খাবার পানি সরবরাহ স্থাপনার পানি নিয়মিত পরীক্ষার উদ্যোগ নেয়া হয়েছে।

সহকারী প্রকৌশলী আরও জানান যে, বিএমডিএ কর্তৃক বিভিন্ন রাস্তায় গাছ লাগানো হয়েছে। রাস্তাগুলো অধিকাংশই এলজিইডি কর্তৃক রক্ষণাবেক্ষণ/নিয়ন্ত্রন করে থাকে। দাপ্তরিক বিধি অনুযায়ী রোপনকৃত গাছের রাস্তার সাইট উপজেলা মাসিক সভার অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর বিএমডিএ কর্তৃক বিভিন্ন রাস্তায় লাগানো গাছগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়।

(১৭) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল সভায় জানান যে,

০১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের BMWSSP প্রকল্পের আওতায় নাচোল পৌরসভায় ৪.৩৮৮ কিলোমিটার ড্রেন নির্মাণ কাজের বরাদ্দ পাওয়া যায়। ড্রেন নির্মাণ করা হবে উপজেলার ইসলামপুর মোড় - বাসস্ট্যান্ড মোড় পর্যন্ত, বাসস্ট্যান্ড মোড় থেকে মুরাদপুর খাঁড়ি পর্যন্ত এবং টিএন্ডটি অফিস থেকে খাদ্য গুদাম হয়ে রেললাইনের ধার দিয়ে বান্দ্রা খাঁড়ি পর্যন্ত। ড্রেন নির্মাণ কাজের চুক্তিমূল্য ১৩৬২০২৭১৫.১৫৭ টাকা মাত্র। এছাড়াও অত্র প্রকল্পের আওতায় খাবার পানি সরবরাহের জন্য ০৪ টি গভীর নলকূপ স্থাপন কাজ মাঠপর্যায়ে চলমান রয়েছে।

০২.১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের PSWSC প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে ১৮ টি কমিউনিটি পানি সরবরাহ ইউনিটের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রতিটি পানি সরবরাহ ইউনিটের আওতায় ০৮ থেকে ১০ পরিবারের জন্য নিরাপদ বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হবে। প্রাপ্ত বরাদ্দ মাননীয় সংসদ সদস্য এবং ইউনিয়ন ও উপজেলা WATSAN কমিটি মাধ্যমে বিভাজন করা হবে।

০২.২। ২০২১-২০২২ অর্থবছরের ১০৪ টি মিনি ওয়াটার সাপ্লাই ইউনিট এর বরাদ্দ পাওয়া গেছে যেগুলো ইতিমধ্যে মাননীয় সংসদ সদস্য এবং উপজেলা ও ইউনিয়ন WATSAN কমিটির মাধ্যমে বিভাজন করা হয়েছে। কমিটি হতে প্রাপ্ত স্থান তালিকায় অন্তর্ভুক্ত উপকারভোগীদের নিকট থেকে সহায়ক টাকা (৭০০০/-) সোনালী ব্যাংক এর মাধ্যমে D.D করে জমা নেয়া হচ্ছে।

সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা ও উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে বক্তব্য শেষ করেন।

(১৭) খাদ্য বিভাগঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(১৯) পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) বিভাগঃ

উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।

(২০) পরিসংখ্যান বিভাগঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার, নাচোল সভায় জানান যে, আগস্ট/২০২১ ইং মাসে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এ জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর প্রি টেস্ট কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া অত্র দপ্তর আউশ ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ, মাসিক কৃষি মজুরি রিপোর্ট প্রস্তুত, ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান, অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরূপন ইত্যাদি কার্যক্রমসহ প্রাত্যহিক দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করেছে।

(২১) বন বিভাগঃ

উপজেলা বন কর্মকর্তা, নাচোল সভায় সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

শরিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

মোহাঃ আব্দুল কাদের
চেয়ারম্যান
উপজেলা পরিষদ

(২২) পল্লী সঞ্চয় ব্যাংকঃ

উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে পল্লী সঞ্চয় ব্যাংকের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সে লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করে যাচ্ছে। এছাড়া বিগত তিন মাসে যে লক্ষ্য নির্ধারিত ছিল তা ১০০% পূর্ণ হয়েছে এবং ঋণ খেলাপী কমানোর জন্য এ সভায় সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(২৩) পল্লী বিদ্যুৎ বিভাগঃ

এজিএম, নাচোল পল্লী বিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।

(২৪) তথ্য আপা প্রকল্পঃ

তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

৪। বিবিধ আলোচনাঃ

(ক) উপজেলা চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ড্রম ভাতা বিল অনুমোদন প্রসংগেঃ

উপজেলা নির্বাহী অফিসার, নাচোল মহোদয় জানান যে, উপজেলা চেয়ারম্যান জনাব মোহাঃ আব্দুল কাদের মে/২০২১ হতে জুলাই/২০২১ পর্যন্ত ০৩(তিন) মাসের ড্রম ভাতার বিল বাবদ ২৬,২৫০/- (ছাব্বিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকার এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোসাঃ জান্নাতুন নাইম মুন্নি মে/২০২১ হতে জুলাই/২০২১ পর্যন্ত ০৩(তিন) মাসের ড্রম ভাতার বিল বাবদ ২১,০০০/- (একুশ হাজার) টাকার বিল দাখিল করেছেন। বিলগুলি উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা চেয়ারম্যান জনাব মোহাঃ আব্দুল কাদের মে/২০২১ হতে জুলাই/২০২১ পর্যন্ত ০৩(তিন) মাসের ড্রম ভাতার বিল বাবদ ২৬,২৫০/- (ছাব্বিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকার এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোসাঃ জান্নাতুন নাইম মুন্নি মে/২০২১ হতে জুলাই/২০২১ পর্যন্ত ০৩(তিন) মাসের ড্রম ভাতার বিল বাবদ ২১,০০০/- (একুশ হাজার) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, নাচোল সভায় আরও জানান যে, তাঁর বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাকে ব্যবহৃত গ্যাসের সিলিন্ডার ও বিদ্যুত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সভায় সকলের সম্মতি কামনা করেন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাকে ব্যবহারের জন্য প্রতি মাসে ১টি করে গ্যাসের সিলিন্ডার বাবদ ১০০০/- (এক হাজার) টাকা ও বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিরাপত্তা উপখাত থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা নির্বাহী অফিসার, নাচোল সভায় আরও জানান যে, নাচোল উপজেলা পরিষদের নতুন হল রুমের জন্য ১,১৫,০০০/- (এক লক্ষ পনেরো হাজার) টাকা ব্যয়ে সাউন্ড সিস্টেম ক্রয় করা হয়েছে। যার বিল উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা যায়। তিনি বিষয়টি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের নতুন হলরুমের জন্য ক্রয়কৃত সাউন্ড সিস্টেমের বিল বাবদ ১,১৫,০০০/- (এক লক্ষ পনেরো হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত উপখাত থেকে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা চেয়ারম্যান, নাচোল মহোদয় সভায় জানান যে, মোঃ জুয়েল আলী, প্রধান সহকারী, ইউএনও অফিস উপজেলা নির্বাহী অফিসার, নাচোল-এঁর বাসায়, অফিসরুমে ও উপজেলা পরিষদ ভবনের নিচে প্রবেশ পথে নোটিশ বোর্ডের পার্শ্বে এ্যালুমিনিয়াম থাইসহ আয়না কাঁচ লাগানো বাবদ ১২,০৪০/- (বারো হাজার চল্লিশ) টাকার ও উপজেলা পরিষদের জন্য ০৩টি ক্যাশ বহি ও ০৮টি চেক প্রদান বহি ক্রয় বাবদ ২,৯০০/- (দুই হাজার নয় শত) টাকার; মোঃ সজীব রানা, অফিস সহায়ক, নাচোল উপজেলা পরিষদ উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস রুমের বৈদ্যুতিক বাধ ক্রয় ও মেরামত, মাসিক সভার ব্যানার, দেওয়াল ঘড়ি, সীল, পাপোশ ক্রয় কাজের দরুন ১৩,৯৭৫/- (তেত্রো হাজার নয় শত পঁচাত্তর) টাকার; মোঃ আব্দুল জাক্বার, মালী কাম পাহারাদার, উপজেলা পরিষদ ইউএনও স্যারের বাসায় বৈদ্যুতিক লাইন মেরামত, আইপিএস মেরামত, এসির লাইন মেরামত, মসজিদের তার ক্রয় বাবদ ২৪,৮৯৫/- (চব্বিশ হাজার আট শত পঁচানব্বই) টাকার এবং মোঃ মাহফুজুল আলম, সিএ, উপজেলা পরিষদ, নাচোল উপজেলা নির্বাহী অফিসার, নাচোল-এঁর মৌখিক নির্দেশে উপজেলা পরিষদে আগত সেবাপ্রার্থীদের বসার সুবিধার্থে ১০টি ওয়েটিং চেয়ার ক্রয় বাবদ ৬৪,২৫০/- (চৌষট্টি হাজার দুই শত পঞ্চাশ) টাকার বিল ভাউচারসহ আবেদন দাখিল করেছেন। বিলগুলো পরিশোধের জন্য উপজেলা পরিষদের সভায় অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর দাখিলকৃত ১ম বিল ৪টি উপজেলা রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত উপখাত থেকে এবং শেষ বিলটি উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় উপখাত থেকে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) জীপ গাড়ীর মেরামত বিল প্রদানঃ

উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের গাড়ী চালক মোঃ রহমত আলী জীপ গাড়ীর আনুষঙ্গিক সরঞ্জাম ক্রয়সহ সার্ভিসিং করা বাবদ সর্বমোট ২৩,৬০০/- (তেইশ হাজার ছয় শত) টাকার বিল দাখিল করেছেন। বিলটি পরিশোধের জন্য উপজেলা পরিষদের সভায় অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর উপরোক্ত বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জীপ গাড়ী মেরামত উপখাত হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(শরিফ আহম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, ঠাণাইনবাড়ি

মোহাঃ আব্দুল কাদের
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নাচোল, ঠাণাইনবাড়ি

চলমান পাতা-৫

(চ) জীপ গাড়ীর জ্বালানী বিল প্রদান :

উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বলাই/২১ থেকে সেপ্টেম্বর/২১ পর্যন্ত ০৩(তিন) মাসের জ্বালানী তেলের ৬৪,৯২৪/- (চৌষট্টি হাজার নয় শত চব্বিশ) টাকা বিল ভাউচার পাওয়া গিয়েছে। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১০ আগষ্ট, ২০২১খ্রি তারিখের ৫১২নং স্মারকে উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়ের নির্দেশনা পাওয়া গিয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক ড্যাট ও আয়কর সহ সর্বমোট ৭০,১১৮/- (সত্তর হাজার এক শত আঠারো) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের অনুমোদন প্রয়োজন। সিদ্ধান্ত : এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর উপরোক্ত বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাঃ আব্দুল কাদের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০৫৬.০০০.০৫.০৮০.২০-৭৪(৩৫)

তারিখ : ১৮.১০.২০২১ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২ ও উপদেষ্টা, নাচোল উপজেলা পরিষদ।
- ০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৭। মেয়র, নাচোল পৌরসভা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৯। উপজেলা কর্মকর্তা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। চেয়ারম্যান, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর ইউ,পি ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১১। , নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।


(শরিফ আহম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা পরিষদ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

সভা নং : ২৯

সভার তারিখ : ২৮.০৯.২০২১খ্রি:, সময় : সকাল ১০.৩০ মি:

স্বাক্ষরের ক্রমানুসারে

পরিশিষ্ট 'ক'

ক্রঃ নং	সদস্যদের নাম ও পদবী
১.	জনাব শরিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২.	জনাব খাদিজা বেগম, সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৩.	জনাব মোঃ আব্দুর রশিদ, মেয়র, নাচোল পৌরসভা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪.	জনাব মোঃ জান্নাতুন নাইম মুন্নি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫.	জনাব মোঃ সাদির আহমেদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৬.	জনাব মোঃ আমিনুল হক, চেয়ারম্যান, নেজামপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৭.	জনাব সুলতানা পাপিয়া, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৮.	জনাব মোঃ বুলবুল আহমেদ, উপজেলা কৃষি অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৯.	জনাব মোঃ মকবুল হোসেন, উপজেলা প্রকৌশলী, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১০.	জনাব মোঃ আলী হোসেন শামীম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১১.	জনাব মোঃ সেলিম রেজা, অফিসার ইন চার্জ, নাচোল থানা, চাঁপাইনবাবগঞ্জ
১২.	জনাব রোখছানা আনিছা, উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৩.	জনাব আল গালিব, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৪.	জনাব শাহ মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন, চাঁপাইনবাবগঞ্জ
১৫.	জনাব মোঃ হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৬.	জনাব আঃফঃম হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৭.	জনাব মোঃ মৌদুদ আলম খাঁ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৮.	জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৯.	জনাব প্রভাতী রানী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২০.	জনাব মোঃ ইউসুফ আলী, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২১.	জনাব মোসাঃ মোস্তাকিমা খাতুন, উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা (ভারঃ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২২.	জনাব নরোত্তম কুমার প্রামানিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৩.	জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৪.	উপজেলা বন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৫.	জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৬.	এজিএম, পল্লী বিদ্যুৎ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
২৭.	তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা পরিষদ সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ

পরিশিষ্ট 'খ'

ক্রঃ নং	সদস্যদের নাম ও পদবী
১.	চেয়ারম্যান, কসবা ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২.	জনাব মোঃ আব্দুস ছালাম, চেয়ারম্যান, নাচোল ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৩.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪.	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫.	উপজেলা সমবায় অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৬.	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৭.	সংরক্ষিত মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ